

রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক(সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় বিশেষ কোটায় আবেদন ও ভর্তির শর্তাবলী

- (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীরা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট অবশ্যই নির্ধারিত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।
- (খ) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট অবশ্যই নির্ধারিত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।
- (গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে শারীরিক প্রতিবন্ধী হিসেবে প্রত্যয়নপত্র ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট অবশ্যই নির্ধারিত সময়সীমার মধ্যে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।
- (ঘ) খেলোয়াড় কোটায় ভর্তিচ্ছু প্রার্থী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে আবেদন করতে পারবে। তবে তাকে বিগত দুই বছরের মধ্যে জাতীয় পর্যায়ের কোন খেলায় অংশগ্রহণকারী খেলোয়াড় হতে হবে।
- (ঙ) সকল প্রকার কোটার ক্ষেত্রে ভর্তি পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম (৪০) কোনক্রমেই শিথিলযোগ্য হবে না।
- (চ) সংশ্লিষ্ট কোন কোটা পূরণ না হলে আসন শূন্য থাকবে।

বিঃদ্রঃ সকল প্রকার কোটার অন্তর্ভুক্ত প্রার্থীকে প্রাথমিক আবেদনের সময় অবশ্যই অনলাইনে প্রদত্ত নিয়মাবলী ও নির্দেশনা অনুসরণ করে প্রার্থিত কোটায় আবেদন করতে হবে। অন্যথায় তাদের কোটাভুক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

(প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ)

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)

রাজশাহী বিশ্ববিদ্যালয়